

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ৫, ২০১৪

[ একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বস্ত্র ও পাট মন্ত্রণালয়

পাট-২ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২২ জানুয়ারি ২০১৪

নং ২৪.০০.০০০০.১১৯.২২.০১৪.১২(অংশ-৪)-১২—পাটজাত মোড়ক দ্বারা পণ্য মোড়কজাতকরণ ও পাটজাত মোড়কের ব্যবহার, বিতরণ, উৎপাদন ও সরবরাহ ইত্যাদি বিষয়ে সুপারিশ প্রদানের উদ্দেশ্যে “পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০” এর ৫ নং ধারা অনুযায়ী গঠিত উপদেষ্টা কমিটির সুপারিশের আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতি ও অনুসরণের নিমিত্ত সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেন :

- (১) ধান, চাল, গম ও সারের জন্য সরকার ও করপোরেশন কর্তৃক পাটের বস্ত্র ক্রয়ের ক্ষেত্রে “বিজেএমসি ৫০% হারে এবং বিজেএমএ এর সদস্য পাটকলসমূহ ৫০% হারে পাটের বস্ত্র সরবরাহ” এর পরিবর্তে বিজেএমসি ৫০% হারে এবং বেসরকারি উৎস ৫০% হারে পাটের বস্ত্র সরবরাহ করবে।
- (২) বিধিমালার তফসিলে অন্তর্ভুক্ত ধান, চাল, গম, ভূট্টা, সার ও চিনির ক্ষেত্রে ২০কেজি ও তদূর্ধ্ব পরিমাণ পণ্য মোড়কীকরণে বাধ্যতামূলকভাবে পাটের বস্ত্র ব্যবহার করতে হবে।

২। উক্ত আইনের ৭(৩) ধারা মতে অত্র আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাসিমা বেগম

যুগ্মসচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(৩৭৮৫)

মূল্য : টাকা ৪.০০